**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী তৃতীয় বারের মত প্রধানমন্ত্রী হিসাবে আগামী রবিবার শপথ গ্রহণ করবেন ।**

**(২) রাজ্যে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের উন্নয়ন ও প্রসারে কেন্দ্রীয় ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প মন্ত্রক ৬৫ কোটি ১৭ লক্ষ টাকা অনুমোদন দিয়েছে।**

**(৩) আগামী ২১শে জুন আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে দেশ জুড়ে প্রস্তুতি শুরু হয়েছে ।**

****************************************

**Oath Taking :**

বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী তৃতীয় বারের মত প্রধানমন্ত্রী হিসাবে আগামী রবিবার শপথ গ্রহণ করবেন। ঐদিন সন্ধে ৬টায় রাষ্ট্রপতি ভবনে শপথ গ্রহণ অনুষ্ঠান হবে। কেন্দ্রীয় মোদী আজ প্লহাদ যোশী আজ একথা জানান। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং তাঁর মন্ত্রিসভার অন্যান্য মন্ত্রীদের শপথ বাক্য পাঠ করাবেন। এর আগে এনডিএ নেতৃবৃন্দ আজ রাষ্ট্রপৈর সঙ্গে সাক্ষাৎ করে সরকার গঠনের দাবি পেশ করেন।

*******************************

**NDA Leader :**

এনডিএ সংসদীয় দল আজ সর্বসম্মতিক্রমে নরেন্দ্র মোদিকে তাদের নেতা নির্বাচিত করেছে। নতুনদিল্লিতে এনডিএ সংসদীয় দলের বৈঠকে বরিষ্ঠ বিজেপি নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং শ্রী মোদিকে এনডিএ নেতা হিসাবে নির্বাচিত করার প্রস্তাব উত্থাপন করেন এবং বিজেপি সহ সব শরিকদল প্রস্তাব সমর্থন করে। শ্রী মোদি লোকসভায় বিজেপি সংসদীয় দলের নেতা হিসেবেও নির্বাচিত হয়েছেন।

সংসদীয় দলের বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন যে তাঁর সরকার গত এক দশকে শিক্ষাক্ষেত্রে গুণগত পরিবর্তনের দিকে মনোনিবেশ করেছে। কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে জি-২০ দেশগুলির মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্বের ক্ষেত্রে ভারতের সর্বোচ্চ প্রবৃদ্ধির রেকর্ড করা হয়েছে। প্রধানমন্ত্রী এজন্য শিক্ষার্থী, শিক্ষক এবং প্রতিষ্ঠানের প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী তার তৃতীয় মেয়াদে গবেষণা ও উদ্ভাবন বাড়ানোর জন্য আরও কাজ করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

টিডিপি প্রধান চন্দ্রবাবু নাইডু বলেছেন, নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে এনডিএ সরকার গত দশ বছরে উল্লেখযোগ্য উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, দেশ উল্লেখযোগ্য অগ্রগতি ও পরিবর্তনের সাক্ষী হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি সমর্থন প্রকাশ করেছেন বিহারের মুখ্যমন্ত্রী এবং জেডিইউ সভাপতি নীতীশ কুমার। তিনি বলেন, শ্রী মোদির নেতৃত্বে তারা সবাই একসঙ্গে কাজ

শ্রী কুমার আরো বলেন, প্রধানমন্ত্রী দেশের সেবা করে গেছেন এবং বাকি কাজ নতুন কার্যকালে প্রধানমন্ত্রী শ্রী মোদী পূর্ণ করবেন।

এনডিএ নেতা নির্বাচিত হওয়ার পর শ্রী মোদী আজ বরিষ্ঠ বিজেপি নেতা লালকৃষ্ণ আদবানি ও মুরলী মনোহর যোশীর সঙ্গে সাক্ষাৎ করে তাদের আশির্বাদ গ্রহণ করেন। শ্রী মোদী এছাড়াও নতুন দিল্লিতে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ-এর বাসভবনে গিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করেন।

এন.ডি.এ সংসদীয় দলের নেতা হিসেবে নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে পুস্পস্তবক দিয়ে শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী জানান যে বিশ্বাস ও উন্নয়নের মন্ত্রকে পাথেয় করে আগামী দিনে এই সরকার দেশের সর্বসাধারণের জন্য আগের চাইতেও আরো শক্তিশালী রুপে কর্মতৎপর হবে।

*****************************

**PM, Constitution :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে তাঁর জীবনের প্রতিটি মুহূর্ত ডঃ বাবাসাহেব আম্বেদকর প্রদত্ত ভারতের সংবিধানে নিহিত মহৎ মূল্যবোধকে সমুন্নত রাখার জন্য নিবেদিত। আজ শ্রী মোদি সামাজিক মাধ্যমে বলেন, সংবিধানের কারণেই তাঁর মতো

একজন দারিদ্র্য এবং পিছিয়ে পড়া পরিবারে জন্মগ্রহণ করা ব্যক্তি, দেশের সেবা করতে পারছেন। তিনি বলেন, দেশের সংবিধান কোটি কোটি মানুষকে আশা, শক্তি ও মর্যাদা দেয়।

********************************

**Press Meet-Industry & Commerce :**

রাজ্যে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের উন্নয়ন ও প্রসারে কেন্দ্রীয় ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প মন্ত্রক ৬৫ কোটি ১৭ লক্ষ টাকা অনুমোদন দিয়েছে। মন্ত্রকের 'রেম্প' কর্মসূচিতে ২০২৪-২৫ অর্থবছরের জন্য ত্রিপুরাকে এই অনুমোদন দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে আগামী তিন বছরে রাজ্যের ৩২ হাজার শিক্ষিত বেকার যুবক যুবতীদের চিহ্নিত করে প্রশিক্ষণ দেওয়া হবে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে একথা জানান। তিনি জানান, এই রেম্প কর্মসূচির মূল উদ্দেশ্য হচ্ছে রাজ্যের বেকার যুবক-যুবতীদের মধ্যে শিল্প উদ্যোগী এবং বিপণনের দক্ষতা গড়ে তোলা। তিনি জানান, রাজ্যের এবং বহির্রাজ্যের নিজস্ব পণ্য বিক্রয় এবং প্রচারের উদ্দেশ্যে আগরতলা জুটমিল কমপ্লেক্সে 'পিএম একতা মল' স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই আধুনিক মল নির্মাণের জন্য প্রায় ১৫০ কোটি টাকা ব্যয় করা হবে।

শ্রী গিত্যে আরো জানান, উত্তর পূর্বাঞ্চল সহ রাজ্যে বিনিয়োগ বৃদ্ধির প্রচেষ্টায় ইতিমধ্যেই বিনিয়োগকারীদের নিয়ে কয়েকটি সম্মেলন করা হয়েছে। তিনি জানান, ৬ জন বিনিয়োগকারী ইতিমধ্যেই রাজ্যে ২৯ কোটি ৮৫ লক্ষ টাকা বিনিয়োগ করেছেন।

তিনি জানান, পিএম বিশ্বকর্মা প্রকল্পে গত ৭ই জুন পর্যন্ত প্রায় ৫০ হাজার আবেদনকারীর মধ্যে রাজ্যের ১০,৯০৪ জনকে প্রশিক্ষণের জন্য নিবন্ধিত করা হয়েছে।

তিনি বলেন, গত অর্থবছরে বাংলাদেশের সঙ্গে ৭১৫ কোটি ৯৮ লক্ষ টাকা বাণিজ্য হয়েছে। তিনি জানান, রাজ্যের শ্রীনগর সীমান্ত হাটটি চালু রয়েছে এবং খুব শীঘ্রই কমলাসাগর সীমান্ত হাটটি পুনরায় চালু করা হবে। তিনি আরও জানান, ত্রিপুরা চা উন্নয়ন নিগমের উদ্যোগে ইতিমধ্যেই রাজ্যে আগরতলা চা নিগম কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি দপ্তরের বিভিন্ন উদ্যোগ ও দক্ষতা উন্নয়ন দপ্তরের বিভিন্ন কর্মসূচিগুলি বিস্তারিতভাবে তুলে ধরেন।

*****************************

**Opposition Leader :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ মুখ্য সচিবের কাছে এক চিঠিতে রাজ্যের আসন্ন পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার দাবি জানান। চিঠিতে শ্রী চৌধুরী অভিযোগ করেন যে পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে বিভিন্ন ইস্যু নিয়ে রাজ্যের সমস্ত ব্লক গুলিতে সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে বৈঠক করা হচ্ছে। ওই সমস্ত বৈঠকে সিপিআইএম প্রতিনিধিরা উপস্থিত থাকতে পারছেন না। তাদের নানাভাবে বাধা দেয়া হচ্ছে এবং হেনস্থা করা হচ্ছে বলে তিনি অভিযোগ করেন। তিনি আরো অভিযোগ করেন গতকাল বক্সনগর ব্লকে সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে একটি বৈঠক ডাকা হয়েছিল কিন্তু সেই বৈঠকে সিপিআইএম প্রতিনিধিকে উপস্থিত থাকতে বাধা দেওয়া হয়। শ্রী চৌধুরী পঞ্চায়েত নির্বাচন

সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সুস্থ পরিবেশ বজায় রাখতে মুখ্য সচিবের কাছে আবেদন জানান।

**************************

**Yoga day-National :**

তথ্য ও সম্প্রচার এবং আয়ুষ মন্ত্রক আন্তর্জাতিক যোগ দিবস ২০২৪ উদযাপনের প্রস্তুতি শুরু করেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু এবং আয়ুষ মন্ত্রকের সচিব বৈদ্য রাজেশ কোটেচা আজ নতুন দিল্লিতে এই প্রস্তুতি  পর্যালোচনা করেন।

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের মিডিয়া ইউনিটগুলি যোগ চর্চার সাধারণ নিয়মাবলী

এবং যোগ অনুশীলনের উপকারিতা সম্পর্কে সচেতনতা তৈরি করতে বিভিন্ন অনুষ্ঠানের প্রস্তুতি নিচ্ছে। প্রেস ইনফরমেশন ব্যুরো, প্রসার ভারতী, নিউ মিডিয়া উইং সহ বিভিন্ন মিডিয়া ইউনিট দ্বারা মূল কার্যক্রমের পরিকল্পনা করা হয়েছে।

প্রসার ভারতী দূরদর্শন ও আকাশবাণী নেটওয়ার্কের মাধ্যমে বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচার করবে। দূরদর্শন সকালে সরাসরি বিশেষ সম্প্রচারের পাশাপাশি যোগ বিশেষজ্ঞদের সঙ্গে সাক্ষাৎকার সম্প্রচার করবে।

আয়ুষ মন্ত্রকের অধীনে একটি স্বায়ত্তশাসিত সংস্থা 'মোরারজি দেশাই ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইয়োগা'-এর সহযোগিতায় আকাশবাণী যোগকে জীবনের একটি উপায় হিসাবে প্রচার করতে এবং মানুষের সামগ্রিক সুস্থতার জন্য অনুষ্ঠান সম্প্রচার করবে।

আয়ুষ মন্ত্রক একটি 'যোগ গীত' প্রস্তুত করেছে যা সমস্ত মিডিয়া প্ল্যাটফর্ম জুড়ে শেয়ার করা হবে।

তৃণমূল পর্যায়ে, পঞ্চায়েত, অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং বিদ্যালয়গুলিতে প্রায় দুই লক্ষ জায়গায় "হর আঙ্গন যোগ" উদ্যোগের অধীনে যোগ চর্চার আয়োজন করা হবে।

*************************

**International Yoga Day-State :**

আগামী ২১শে জুন হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক প্রদর্শনী হলে রাজ্যভিত্তিক দশম আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে আজ আগরতলায় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগি জানান, এবারের রাজ্যভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবসের মূল অনুষ্ঠানে একসঙ্গে ২ হাজার ৭৫০ জন যোগ প্রদর্শন করবেন।

**************************

**Preparations for Book Fair :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরে ভগিনী নিবেদিতা দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গণে আগামী ৩০শে জুন থেকে ছয়দিনব্যাপী বইমেলা অনুষ্ঠিত হবে। আজ বিকালে কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশের সভাপতিত্বে এবিষয়ে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, সহকারী সভাধিপতি শ্যামল দাশ,কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়,জেলা শাসক দিলীপ কুমার চাকমা সহ বিভিন্ন দপ্তরের

আধিকারিকরা। বৈঠকে আসন্ন বইমেলাকে সফল করতে বিভিন্ন বিষয়ে আলোচনা হয় এবং বই মেলা পরিচালন কমিটি ও বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়। বৈঠক শেষে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ জানান, বইমেলা উপলক্ষে প্রতিদিন-ই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন থাকবে।

***************************

**Drowning & Lightning Safety-Sepahijala :**

জলডুবি ও বজ্রপাত সংক্রান্ত বিপর্যয় মোকাবেলায় আপদামিত্র ও সিভিল ডিফেনন্স স্বেচ্ছাসেবকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আজ সিপাহীজলা জেলাশাসক অফিসে এক সচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়। জেলা বিপর্যয় মোকাবেলা বিভাগের উদ্যোগে আয়োজিত এই সভায় জেলার অন্তর্গত ৩টি মহকুমা থেকে প্রায় ৫০ জনের মতো আপদামিত্র ও সিভিল ডিফেনন্স স্বেচ্ছাসেবক অংশগ্রহন করেন। জেলা বিপর্যয় মোকাবেলা বিভাগের কার্যক্রম আধিকারিক প্রাণেশ সরকার জানিয়েছেন চলতি জুন মাস'কে জলডুবি বিপর্যয় প্রতিরোধ  মাস হিসেবে পালন করা হচ্ছে। তারই অঙ্গ হিসেবে এই কর্মসূচি। আলোচনা সভায় উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার প্রমুখ। সভায় অংশগ্রহনকারী আপদামিত্র ও সিভিল ডিফেনন্স স্বেচ্ছাসেবকদের মধ্যে জেলা বিপর্যয় মোকাবেলা বিভাগের তরফ থেকে সু-নির্দিষ্ট পোষাক প্রদান করা হয়।

*****************************

**Accident :**

আগরতলা রেশমবাগান ব্রিজ সংলগ্ন এলাকায় একটি গোডাউনে কাজ করতে গিয়ে প্লাইবোর্ড এর চাপায় মৃত্যু হল এক শ্রমিকের। মৃত শ্রমিকের নাম শান্তি চক্রবর্তী, বয়স 50, বাড়ি খয়েরপুর। ঘটনাস্থল থেকে দমকল কর্মীরা তাকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

*************************

**Health Camp :**

আগরতলার দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবে আজ এক স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা এবং স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক গোপাল রায়, ক্লাব সভাপতি চিত্তরঞ্জন সাহা, আগরতলা ক্লাব ফোরামের চেয়ারম্যান সঞ্জয় পাল, সভাপতি প্রণব সরকার, সাধারণ সম্পাদক দেবাশীষ ভট্টাচার্য সহ অন্যান্যরা। এদিনের শিবিরে কার্ডিয়াক সার্জেন ডাঃ কুনাল সরকার, কার্ডিওলজির চিকিৎসক ডাঃ প্রণবেশ চক্রবর্তী সহ অন্যান্য বিশেষজ্ঞ চিকিৎসকেরা উপস্থিত ছিলেন। শিবিরে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়।

****************************

**Deputation :**

ত্রিপুরা ইউনাইটেড ইন্ডিজেনাস পিপলস ফ্রন্ট TUIPC পক্ষ থেকে আজ বিভিন্ন দাবিতে রাজ্যপালের কাছে স্মারকলিপি প্রদান করা হয়। রাজ্যে ইনার লাইন পারমিট চালু করা, আত্মসমর্পণকারীদের সরকারি সুযোগ-সুবিধা প্রদান সহ বিভিন্ন দাবিতে এই স্মারকলিপি প্রদান কর্মসূচিতে সংগঠনের চেয়ারম্যান রঞ্জিত দেববর্মা সভাপতি

মতিলাল দেববর্মা, ধনু কলই, রবীন্দ্র রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন চব্বিশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

************************